



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড  
(বিটিসিএল)  
প্রধান কার্যালয়  
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন,  
ঢাকা-১০০০  
<http://www.btcl.gov.bd> | বিটিসিএল.বাংলা

নম্বর: ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৩.১০৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের জনবল নিয়োগের নিমিত্ত প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উক্তপদে আবেদনকারীদের প্রতি সাধারণ নির্দেশনা।**

বিটিসিএল এর টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি নং- **১৪.৩৩.০০০০.০২৬.১১.০০০২.২৩.৩ তারিখ: ৩০-১০-২০২৩ খ্রি.** এবং পরবর্তীতে নিয়োগ বিজ্ঞপ্তি নং- **১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৩.২ তারিখ: ২৭-০৩-২০২৫ খ্রি.** প্রকাশ করা হয়েছিল।

উক্ত বিজ্ঞপ্তিসমূহের প্রেক্ষিতে যেসব প্রার্থী আবেদন করেছেন তাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। যোগ্য প্রার্থী বাছাই কার্যক্রম **প্রাক-যাচাই, লিখিত এবং মৌখিক পরীক্ষা** এই ৩ (তিন) ধাপে সম্পন্ন হবে;
- ২। প্রাক-যাচাই এবং লিখিত পরীক্ষার **তারিখ ও সময় এবং স্থান** শীঘ্রই বিটিসিএল ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং আবেদনের সময় প্রার্থীগণ প্রদত্ত মোবাইল নাম্বারে এসএমএস এর মাধ্যমে এবিষয়ে অবগত করা হবে;
- ৩। শীঘ্রই প্রার্থীগণের প্রবেশপত্র টেলিটকের মাধ্যমে বিতরণ করা হবে। প্রাক-যাচাই, লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই এই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কাউকে কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না;
- ৪। প্রাক-যাচাই পরীক্ষা বহুনির্বাচনি (MCQ) ভিত্তিক হবে যাতে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, গণিত এবং সাধারণ বিজ্ঞান ইত্যাদি বিষয়ক প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের নম্বর হবে ১ (এক)। **বহুনির্বাচনি (MCQ) প্রশ্নের প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (দশমিক পাঁচ) নম্বর কর্তন করা হবে;**
- ৬। প্রাক-যাচাই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১৪৬৫ মেধাক্রম পর্যন্ত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। মেধাক্রমের সর্বশেষ স্থানে সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থী এই তালিকায় অন্তর্ভুক্ত থাকবে। **সকল ফলাফল বিটিসিএল ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীগণকে এসএমএস এর মাধ্যমে এবিষয়ে অবগত করা হবে;**
- ৬। লিখিত পরীক্ষায় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, এবং বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে;
- ৭। **প্রাক-যাচাই, লিখিত এবং মৌখিক পরীক্ষা** এই ৩ (তিন) ধাপে যাচাই কার্য সম্পন্ন করে চূড়ান্ত মেধাতালিকা প্রণয়ন করা হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা বিটিসিএল ওয়েবসাইট ([btcl.portal.gov.bd](http://btcl.portal.gov.bd)) এর "ক্যারিয়ার" সেকশনে প্রকাশ করা হবে এবং প্রার্থীগণকে এসএমএস এর মাধ্যমে বিষয়টি অবগত করা হবে। তাই আবেদনের সময় প্রদত্ত মোবাইল নাম্বার সবসময় সচল রাখার এবং বিটিসিএল এর ওয়েবসাইট সময় সময় পরিদর্শন করার জন্য প্রার্থীগণকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল এর নির্দেশ ও অনুমোদনক্রমে এই নির্দেশনা প্রকাশ করা হলো।

১৩-১১-২০২৫  
মোঃ খালেদ মামুন  
জিএম (আর এন্ড টি)  
০২৪১০৩০১০৬

gm.rnt@btcl.gov.bd

জিএম, জিএম , এমডি এর সচিবালয় (বিটিসিএল ওয়েবসাইটে আপলোড এর অনুরোধসহ), ।

